## ব্রিটেনে গণমাধ্যমের

রাজনৈতিক সাংবাদিকতা দেশের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

এই স্বাধীন সাংবাদিকতা যে দেশের রাজনীতিবিদদের প্রায়ই অস্বস্তিকর পরিস্থিতিতে ফেলে দেয়, এ কথাও বলেন ক্যামেরন।

শুক্রবার দ্য টেলিগ্রাফ পত্রিকার অনলাইনের প্রতিবেদনে জানানো হয়, গত বৃহস্পতিবার রাতে হাউস অব কমন্সে ওয়েস্টমিনস্টারের রাজনৈতিক প্রতিবেদকদের সম্মানে দেওয়া এক নৈশভোজে এসব কথা বলেন ক্যামেরন।

প্রধানমন্ত্রী বলেন, ব্রিটেনের গণমাধ্যম হাঁকডাকে ভরা, নাছোড় ধাঁচের, নিয়ন্ত্রণ অসাধ্য এবং সংশয়পূর্ণ, তা রাজনীতিবিদদের জীবন প্রায়ই অস্বস্তিকর করে তোলে। তবে ব্রিটিশ রাজনৈতিক প্রতিবেদনে অনুসন্ধান, তদন্ত ও খুঁটিনাটি পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে যে কাঙ্ক্ষিত বিষয় তুলে ধরা হয়, তা বিশ্বজুড়ে সমাদৃত। তিনি বলেন, ব্রিটেনে গণমাধ্যমের যে স্বাধীনতা, তা বিশ্বের বুকে দৃষ্টান্ত হয়ে আছে। এসব হচ্ছে গণতন্ত্র সংহত রাখার অপরিহার্য উপাদান।

ক্যামেরন স্বীকার করেন, রাজনীতিবিদদের সঙ্গে দেশটির গণমাধ্যমের সম্পর্ক সাংঘর্ষিক। সাংবাদিকদের উদ্দেশে তিনি বলেন, 'আপনারা আমাদের সমালোচনা করেন, আমরা আপনাদের ওপর খেপে যাই। এটা বারবার ঘটে। রাজনীতি ও জনজীবনকে মূল্য দিয়ে থাকি বলেই আমরা এর কেন্দ্রবিন্দুতে আছি।'

## ফেসবুকে ছাত্রলীগ

মানববন্ধন করেছে।

সোমবার সন্ধ্যা সাতটায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্যের সামনে মোমবাতি হাতে শিক্ষার্থীরা এ মানববন্ধন কর্মসূচি পালন করেন। এ সময় মানববন্ধনে প্রায় শতাধিক ছাত্রী উপস্থিত ছিলেন।

মানববন্ধনে শিক্ষার্থীরা নারীকে নিয়ে কটূক্তিকারীর দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান। তারা অবিলম্বে ছাত্রলীগ নেতাকে দল থেকে বহিষ্কারেরও দাবি জানান। তা না হলে ছাত্রীরা কঠোর আন্দোলনে যাওয়ার হুমকি দিয়েছেন।

তারা বলেন, যদি নারীলোভী এসব সন্ত্রাসীকে শাস্তি না দেয়া হয়, তাহলে পরে আরও কঠোর কর্মসূচির ঘোষণা দেয়া হবে।

নারীকে নিয়ে কটূক্তির প্রতিবাদে পেকার্ড হাতে ছাত্রীরা মানববন্ধনে মুখে কালো ব্যাজ ধারণ করেন।

মানববন্ধন শেষে কর্মসীচির আহ্বায়ক ও পদার্থবিজ্ঞান বিভাগের মাস্টাস্রের শিক্ষার্থী শামীমা আকতার বলেন, বর্তমান সভ্য সমাজে নারীকে নিয়ে কটূক্তি একটি ঘৃণ্য বিষয়। চলতে-ফিরতে প্রতিনিয়ত আমরা আমাদের পুরুষ সহপাঠী কর্তৃক কোনো না কোনোভাবে লাঞ্ছিত হচ্ছি। কিন্তু যখন আমরা এই ধাপটা অতিক্রম করছি, তখন নারীলোভী পুরুষরা ফেসবুকসহ বিভিন্ন যোগাযোগ সাইটে কটূক্তি করে যাচ্ছে।

তিনি বলেন, এর আগেও বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক হলের সামনে চারুকলার তিন ছাত্রীকে লাঞ্ছিত করা হয়। সে ঘটনায় তিনজনকে বহিষ্কারও করা হয়।

শিক্ষার্থী শামীমা বলেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও ছাত্রলীগের ঊর্ধ্বতন পর্যায়ে জানানো হয়েছে। এ ব্যাপারে পদক্ষেপ না নেয়া হলে কঠোর কর্মসূচি দেয়া হবে।

উলেখ্য, গত শনিবার কবি জসীমউদদীন হল শাখা ছাত্রলীগের সভাপতি মেহেদী হাসান রনি আন্তর্জাতিক বাণিজ্যমেলায় গিয়ে মিল্কভিটা দুধ হাতে একটি ছবি ফেসবুকে পোস্ট করেন। ছবিটিতে একজন মেয়ে বিক্রেতার ছবি উঠে আসে। বিভিন্নজন মেয়েটি ও ছবিটি নিয়ে বিভিন্ন কটূক্তি করে। এর প্রতিবাদ জানান শামসুন্নাহার হলের সাধারণ সম্পাদক আফরিন নুশরাত। পরে তাকে নিয়েও কটূক্তি করা হয়। এরই প্রতিবাদে রাজু ভাস্কর্যের সামনে মানববন্ধন করা হয়।

## অনেক টাকার

নানাবাড়িতে বসবাস। এরপর অনেকটা যাযাবর। কোথাও স্থায়ীভাবে হয়নি। বিয়ে করলেও তা স্থায়ী হয়নি। আড়াই বছর আগে স্ত্রী নিজেই সোহেলকে ডিভোর্স দিয়ে চলে যান। ভাগ্য ফেরাতে মধ্যপ্রাচ্যেও কাটিয়ে এসেছে কয়েক বছর। কিন্তু ভাগ্যের কোনো পরিবর্তন হয়নি। কষ্টার্জিত টাকা খেয়ে ফেলেছে প্রতারকেরা। ভাগ্য ফেরাতে অবশেষে পরিকল্পনা করে ব্যাংক ডাকাতির। দুই বছর ধরে ব্যাংক ডাকাতির পরিকল্পনা মাথায় নিয়েই সে দিন কাটায়। শেষ পর্যন্ত ব্যাংকের অর্থ লুট করতে সক্ষম হলেও বান্ধবীর কারণে ধরা পড়ে যায় র‍্যাবের হাতে। র‍্যাব জানিয়েছে, এই ঘটনার সাথে শক্তিশালী কোনো গ্যাং জড়িত রয়েছে। যারা এখনো ধরাছোঁয়ার বাইরে। তবে এই গ্যাংটিকে শনাক্ত করার চেষ্টা করছে র‍্যাব ও গোয়েন্দারা। এ দিকে র‍্যাব সোহেল ও তার সহযোগী ইদ্রিসকে কিশোরগঞ্জ থানা পুলিশের কাছে হস্তান্তর করেছে। কিশোরগঞ্জ সদর থানার ওসি আব্দুল মালেক বলেছেন, আজ গ্রেফতারকৃতদের আদালতে সোপর্দ করা হবে। সংশিষ্ট সূত্র জানায়, লুণ্ঠিত টাকা দিয়ে আটরশির ওরসের জন্য ছয় লাখ টাকার চাল কিনেছে সোহেল। টাকার বস্তা দেখে ফেলায় সাত লাখ টাকা দিতে হয়েছে ট্রাকড্রাইভারকে।

পুলিশ জানায়, গ্রেফতারকৃত হাবিবুর রহমান ওরফে সোহেল ও ইদ্রিস ওরফে মোতাহার আলীকে বুধবার সকালে কিশোরগঞ্জ থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়। একই সাথে উদ্ধার করা টাকাও বুঝিয়ে দেয়া হয় সোনালী ব্যাংক কর্মকর্তাদের কাছে। পরে কিশোরগঞ্জ থানার ওসি আব্দুল মালেকের নেতৃত্বে উত্তরার র‍্যাব সদর দফতর থেকে অতিরিক্ত পুলিশ পাহারায় টাকা ও আসামি নিয়ে কিশোরগঞ্জের উদ্দেশে রওনা দেয় পুলিশ। সন্ধ্যা সাড়ে ৬টার দিকে ওসি আব্দুল মালেক জানান, তারা কিশোরগঞ্জের উদ্দেশে পথে রয়েছেন।

গত রোববার দুপুরে কিশোরগঞ্জের রথখোলা এলাকায় সোনালী ব্যাংক থেকে ১৬ কোটি ৪০ লাখ টাকা খোয়া যাওয়ার বিষয়টি ধরা পড়ে। পাশের ভবনের বাসিন্দা সোহেল সুড়ঙ্গ খুঁড়ে এই টাকা চুরি করে বলে র‍্যাব-পুলিশ প্রথম থেকেই ধারণা করে। ঘটনার পর থেকে সোহেল পলাতক ছিল। ওই ঘটনায় কর্তব্যে অবহেলার অভিযোগে আট পুলিশ সদস্যকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। পুলিশের ধারণা শুক্র ও শনিবার অফিস বন্ধ থাকাকালে এ চুরির ঘটনা ঘটে। ঘটনার দুই দিনের মাথায় রাজধানীর শ্যামপুর এলাকা থেকে পাঁচ বস্তা টাকাসহ হাবিবুর রহমান ওরফে সোহেল ও তার মামাশ্বশুর ইদ্রিস আলী ওরফে মোতাহারকে গ্রেফতার করে র‍্যাব। পরে গণনা করে ওই পাঁচ বস্তা থেকে ১৬ কোটি ১৯ লাখ ৫৬ হাজার ৬৪ টাকা পাওয়া যায়।

সংশিষ্ট সূত্র জানায়, ব্যাংকের টাকা লুটের সাথে বড় কোনো গ্যাং জড়িত রয়েছে। র‍্যাবের আইন ও গণমাধ্যম শাখার পরিচালক উইং কমান্ডার এ টি এম হাবিবুর রহমান সাংবাদিকদের বলেন, সোনালী ব্যাংকে চুরির ঘটনায় ব্যাংকটির ওই শাখায় কমরত একজনের জড়িত থাকার প্রমাণ পাওয়া গেছে। তার নাম না জানাতে পারলেও চেহারা দেখলে চিনতে পারবে বলে হাবিব ওরফে সোহেল প্রাথমিক জিজ্ঞাসাবাদে র‍্যাবকে জানিয়েছে। এ ছাড়া টাকা রাখার জন্য ওই ব্যাংকের ভল্ট রুমে আলাদা সিন্ধুক রয়েছে। কিন্তু শুক্র ও শনিবার অফিস বন্ধ থাকার পরও বৃহস্পতিবার টাকাগুলো ভল্ট রুমের একটি টেবিলের ওপর রাখা হয়। এতে ব্যাংক কর্মকর্তাদের ওপর সন্দেহ বেড়ে যায়। র‍্যাব ও পুলিশ বলেছে, যাতে নির্বিঘ্নে টাকাগুলো নিয়ে যেতে পারে সে জন্যই তা সিন্ধুকে না রেখে ভল্ট রুমের টেবিলের ওপর সাজিয়ে রাখা হয়।

সংশিষ্ট সূত্র জানায়, মাত্র ফোর পাস সোহেল দেখতে এবং কথায় দারুণ স্মার্ট। যে কাউকে সে ম্যানেজ করতে পারে অল্পতেই। ছোটবেলা থেকেই দরিদ্রতার মধ্য দিয়ে তার বেড়ে ওঠা। পটুয়াখালীর গাবোয়া গ্রামে আদিবাস হলেও সেখানে এখন আর কেউ থাকে না। পিতা সিরাজ উদ্দিন মারা যাওয়ার পর কিছুদিন সোহেলের পরিবার নানাবাড়ি বাকেরগঞ্জে কাটিয়েছে। একটু বয়স বাড়ার পর এক স্থান থেকে অন্য স্থানে। অনেকটা যাযাবরের জীবন। কিশোরগঞ্জে বিয়ে করেছিলেন। কিন্তু ডিভোর্স হয়ে গেছে বলে তার দাবি। ওসি আব্দুল মালেক বলেছেন, সোহেল জানিয়েছেন আড়াই বছর আগে তার স্ত্রী তাকে ডিভোর্স দিয়েছে। সূত্র জানায়, এরপর তার সম্পর্ক হয় কিশোরগঞ্জের ইয়াসমিন নামে এক কলেজছাত্রীর সাথে। ওই কলেজছাত্রীই রথখোলার সোনালী ব্যাংকের পাশের বাসাটি ভাড়া করে দেয়। সেখানে তার পরিচয় ছিল ব্যবসায়ী হিসেবে। ইয়াসমিনের বান্ধবী ছিল ওই বাড়িওয়ালার মেয়ে। সোহেলকে সন্দেহ করার পরই ওই বাড়িওয়ালার মেয়েকে দিয়ে র‍্যাব সদস্যরা সন্ধান পায় ইয়াসমিনের। ইয়াসমিন বর্তমানে কিশোরগঞ্জ থানা হেফাজতে রয়েছে। ব্যাংকের টাকা লুণ্ঠনের পরও সোহেল তার মোবাইল দিয়ে একাধিকবার কথা বলেছে ইয়াসমিনের সাথে। সেই সূত্র ধরেই শ্যামপুরের বাসা থেকে তাকে গ্রেফতার করা হয়েছে।

সূত্র জানায়, গ্রেফতারকৃত সোহেল এক সময় দুবাই থাকত। সেখান থেকে ফিরে আসার পর তার মামাশ্বশুর সিরাজকে পাঁচ লাখ টাকা ধার দিয়েছিল। তবে দীর্ঘ দিন ধরে সিরাজ টাকা ফেরত না দেয়ায় সে বেকায়দায় পড়ে যায়। অবশেষে অর্থকড়ির মালিক হতে ব্যাংকে চুরির পরিকল্পনা করে। সে অনুযায়ী হাবিব নাম পরিবর্তন করে দুই বছর আগে সোহেল নামে কিশোরগঞ্জে সোনালী ব্যাংকের প্রধান শাখার কাছে টিনশেড ঘরটি ভাড়া নেয় এবং কাঠের কাজ করে বলে এলাকায় প্রচার করে। বাসা ভাড়া নেয়ার প্রায় এক- দেড় মাস পর থেকে সে সুড়ঙ্গ খোঁড়ার কাজ শুরু করে। যানবাহনের শব্দের সুবিধা নিতে তিনি খোঁড়াখুঁড়ির উপযুক্ত সময় হিসেবে দিনের বেলাকে বেছে নেয়। তবে ঢাকায় অবস্থানরত ওই টিনশেড বাড়ির মালিক কিশোরগঞ্জে এলে সুড়ঙ্গ খোঁড়ার কাজ বন্ধ থাকত বলে জানায় সে। দীর্ঘ দুই বছর পর অর্থাৎ গত কোরবানি ঈদের এক সপ্তাহ পর সুড়ঙ্গ খোঁড়ার কাজ শেষ হয়। পরিকল্পনা মতে গত ২৪ জানুয়ারি রাত ১২টার দিকে হাবিব সুড়ঙ্গের সাহায্যে ব্যাংকের ভল্টরুমে ঢুকে। এরপর ভল্টের টেবিলে খোলা অবস্থায় থাকা ১৬ কোটি ৪০ লাখ টাকা পাঁচটি বস্তায় ভরে সুড়ঙ্গ দিয়ে বেরিয়ে আসে। পরে ওই টাকা দিয়ে সে ভালো কাজ করার সিদ্ধান্ত নেয়। সে অনুযায়ী পরদিন শনিবার ছয় লাখ টাকা ব্যয়ে আটরশির ওরসের জন্য ২৩০ বস্তা চাল কেনে। ওই চালের বস্তার সাথে টাকার বস্তা নিয়ে ওই দিনই ঢাকার উদ্দেশে রওনা দেয়। ঢাকায় আসার পথে ট্রাকটি নরসিংদী এলাকায় নষ্ট হয়ে গেলে আলাদা একটি কাভার্ডভ্যান ভাড়া করে। পরে চাল স্থানান্তরের সময় প্রথম ট্রাকের চালক টাকার বস্তা দেখে ফেললে তাকে ১৪টি ৫০০ টাকার বান্ডেল (সাত লাখ) দিয়ে মুখ বন্ধ করে দেয়। এরপর ঢাকায় এসে ২২২ বস্তা চাল আটরশিতে পাঠিয়ে দেয় এবং বাকি চাল ও টাকার বস্তা নিয়ে শ্যামপুরের ওই বাসায় ওঠে। এ ঘটনায় ওই ট্রাক ও চালকের সন্ধান করছে র‍্যাব।

হাবিব এক সময় পলি ক্যাবলস কোম্পানিতে চাকরি করত। সেখানে চাকরিরত অবস্থায় সে কিশোরগঞ্জের সাদিয়া আক্তারকে বিয়ে করে। এরপর ২০০৮ সালে চাকরি ছেড়ে দিয়ে শ্রমিক পেশায় দুবাই চলে যায়। ২০১১ সালে দুবাই থেকে উপার্জিত সাত লাখ টাকা নিয়ে দেশে ফিরে আসে। তবে পটুয়াখালীতে তার বাড়িটি নদীভাঙনে বিলীন হয়ে যাওয়ায় হাবিব কিশোরগঞ্জ সদরে নগুয়া নামক স্থানে তার স্ত্রীকে নিয়ে বসবাস শুরু করে। বর্তমান তার স্ত্রী ওই বাসায় অবস্থান করছেন। স্থানীয় সূত্র জানায়, যদিও স্ত্রীর সাথে ডিভোস্রের কথা বলেছে, কিন্তু সোহেল মাঝে মধ্যে ওই বাসায় আসা যাওয়া করত।

ওসি আব্দুল মালেক বলেছেন, পটুয়াখালী ও বাকেরগঞ্জ থানায় সোহেলের ব্যাপারে খোঁজখবর নেয়া হচ্ছে। তার বিরুদ্ধে অন্য কোনো থানায় মামলা রয়েছে কি না সে বিষয়েও অনুসন্ধান চলছে।

## মদীনাকে ইসলামী সংস্কৃতির 'শাশ্বত রাজধানী' করতে বিভিন্ন কর্মসূচী ঘোষণা

সৌদী সরকার মদীনাকে ইসলামী সংস্কৃতির শাশ্বত নগরীতে পরিণত করার লক্ষ্যে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে। মদীনার গভণ্র প্রিন্স ফয়সল বিন সালমান এলক্ষ্যে গত মঙ্গলবার ১৩ টি উদ্যোগের কথা ঘোষণা করেন। এসব পদক্ষেপ ইতোমধ্যে সৌদী বাদশাহর সমর্থন লাভ করেছে। মদীনাকে ইসলামী সংস্কৃতির রাজধানী হিসেবে নির্বাচন সংক্রান্ত কর্মকান্ডের সমাপ্তি উপলক্ষে এ ঘোষণা প্রদান করা হয়।

এসব উদ্যোগের মধ্যে রয়েছে, মদীনাকে ইসলামী সংস্কৃতির কেন্দ্র হিসেবে গড়ে তোলার জন্য কোরআন শিক্ষার একটি 'ওয়েসিস' বা মরুদ্যান প্রতিষ্ঠা। এই ওয়েসিস বা মরুদ্যানে পবিত্র কোরআন তেলাওয়াত, আলোচনা ও এর বৈজ্ঞানিক গবেষণার জন্য বিভিন্ন হল থাকবে।

কুবা সাংস্কৃতিক কেন্দ্র হচ্ছে অপর একটি গুরুত্বপূর্ণ প্রকল্প, যাতে হজ্বপালনকারী ও দর্শনার্থীদের স্বাগত জানানোর জন্য একটি সেন্টার ছাড়াও অনেকগুলো জাদুঘর লাইব্রেরী ও পার্ক থাকবে। এ নতুন প্রকল্পসমূহের মধ্যে কিং আবদুল আজিজ লাইব্রেরী ও হারাম লাইব্রেরীর উন্নয়নও অন্তর্ভুক্ত। এছাড়া মহানবী (সা:)-এর জীবন ও শিক্ষা বিষয়ক একটি স্থায়ী প্রদর্শনী স্থাপন করা হবে। মহানবী (সা:)-এর যুদ্ধ সংক্রান্ত বিষয় উপস্থাপনের জন্য অপর একটি প্রদর্শনী কেন্দ্র স্থাপন করা হবে।

গভণ্র জানান, মদীনার লিখিত ঐতিহ্যের জন্যও একটি সেন্টার থাকবে। এছাড়া কিং ফাহদ পাকের্র অভ্যন্তরে একটি প্রাচীন মদীনা জেলা স্থাপন করা হবে। হেজাজ রেলওয়ে মিউজিয়ামের সম্প্রসারণ হিসেবে মদীনায় ইসলামী স্থাপত্যের একটি সেন্টার স্থাপন এবং মদীনা রিসার্চ এন্ড স্টাডিজ সেন্টারের উন্নয়নও এসব পদক্ষেপের মধ্যে অন্যতম।

ইতোমধ্যে সৌদী তথ্য ও সংস্কৃতি মন্ত্রী আবদুল আজিজ খোজার উদ্যোগে মদীনায় ওআইসি মন্ত্রীদের জন্য একটি সম্মেলনের আয়োজন করেন। 'মুসলিম বিশ্বে সংলাপ ও শান্তির মাধ্যমে সাংস্কৃতিক অধিকারের উন্নয়ন' শীর্ষক এই সম্মেলনে প্রিন্স ফয়সল বিন সালমানও উপস্থিত ছিলেন। তথ্য ও সংস্কৃতি মন্ত্রী বলেন, মুসলিম দেশসমূহের উচিত ইসলামের নীতিমালার উন্নয়ন ও ভ্রাতৃত্ব, সৌহার্দ্য ও সম্প্রীতির বন্ধনকে দৃঢ় করার লক্ষ্যে সাংস্কৃতিক উপাদানে সমৃদ্ধ হওয়া। ইসলামী সংস্কৃতির রাজধানী হিসেবে মদীনাকে নির্বাচন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচী হিসেবে এই সম্মেলনের আয়োজন করা হয়। খোজা আরো বলেন, প্রিন্স ফয়সলের নেতৃত্বে গত বছর নগরীতে ব্যাপক কর্মকান্ড ও কর্মসূচী গ্রহণ করা হয়।

## গুলিতে প্রতিবছর হতাহত ১০ হাজার মার্কিন শিশু

যুক্তরাষ্ট্রের স্কুলে অব্যাহত গুলির ঘটনায় রীতিমতো আতঙ্কে থাকেন মার্কিনিরা। সরকারের নানা উদ্যোগের পরও থামানো যাচ্ছে না এই হামলা। এনিয়ে চরম ভীতিকর অবস্থায় থাকা দেশটিতে বর্তমানে প্রতিবছর ১০ হাজার শিশু গুলিতে আহত হয়, নয়তো মারা যাচ্ছে। গবেষণায় ১৯৯৭ সাল থেকে ২০১৩ সময়কাল পর্যন্ত ধরে যুক্তরাষ্ট্রের ইয়েলি স্কুল অব মেডিসিন এই তথ্য প্রকাশ করেছে।

যুক্তরাষ্ট্রের এনবিবিসি নিউজ সোমবার জানায়, গুলি আতঙ্কে প্রতিদিন গড়ে ২০ জন করে বছরে সাত হাজার শিশু হাসপাতালে ভর্তি হয়।

গবেষণায় নেতৃত্ব দেয়া ইয়েলি স্কুল অব মেডিসিন বিভাগের প্রফেসর ড. জন লেভেনথাল বলেন, প্রতিবছর সাত হাজারেরও বেশি শিশু মারাত্মক আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়। অন্য ৩ হাজার শিশু মারা যায় হাসপাতালে নেয়ার আগেই। এর অর্থ এই যে, গুলির কারণে প্রায় ১০ হাজার মার্কিন শিশু হয় মারা যাচ্ছে কিংবা আহত হচ্ছে।

## মঞ্চে বসে ধূমপান : ক্ষমা চাইলেন সমাজকল্যাণ মন্ত্রী

স্কুলশিশুদের এক অনুষ্ঠানে মঞ্চে বসে প্রকাশ্যে ধূমপানের পর তীব্র সমালোচনার মুখে ক্ষমা চাইলেন সমাজকল্যাণ মন্ত্রী সৈয়দ মহসীন আলী। ফেসবুকে এক স্টাটাসে তিনি এ ক্ষমা চান। ভবিষ্যতে আর এমন ঘটনা ঘটবে না বলেও তিনি প্রতিশ্রুতি দেন।

মঙ্গলবার সকাল ১০টা ৩৫ মিনিটে নিজের ফেইসবুক পেইজে এক পোস্টে মহসীন লেখেন- ' এবং আজকে বিভিন্ন গণমাধ্যমে আসা আমার একটি ছবি নিয়ে আমি খুবই লজ্জিত। অস্বীকার করি না, আমি একজন চেইন স্মুকার কিন্তু এভাবে প্রকাশ্যে ধুম পান করা আমার কোনভাবে ঠিক হয় নাই ।

ফেইসবুকে ওই পোস্ট যে তারই দেয়া- গনমাধ্যমে তা নিজেই নিশ্চিত করেছেন মন্ত্রী।

সোমবার সিলেট বর্ডার গার্ড পাবলিক স্কুল অ্যান্ড কলেজে জেএসসি ও প্রাথমিক সমাপনী পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে বসে মহসীন আলী ওই কান্ড ঘটান।

শিক্ষা প্রতিষ্ঠানসহ জনসমাগমের স্থানে প্রকাশ্যে ধূমপান আইনত দন্ডনীয় হলেও মঞ্চে বসে স্কুলশিশুদের সামনেই সিগারেট টানতে দেখা যায় তাকে।

অনুষ্ঠানে আসা অভিভাবকরা বলেন, 'বক্তারা নৈতিক শিক্ষায় শিক্ষিত হয়ে দেশের সেবায় নিয়োজিত হতে শিক্ষার্থীদের উপদেশ দিচ্ছেন। ঠিক সেই সময়ই শিক্ষার্থীদের সামনে মঞ্চে বসে সিগারেট ধরান মন্ত্রী'!

মৌলভীবাজারের সংসদ সদস্য মহসীন আলীর প্রকাশ্যে ধূমপানের ওই ছবি নিয়ে সোমবারই সামাজিক যোগাযোগের ওয়েবসাইটগুলোতে ব্যাপক সমালোচনা শুরু হয়।

মহসীন আলী তার ফেইসবুক পোস্টে লিখেছেন, ' অনেকটা আনকন্সাস মাইন্ডে ঘটে যাওয়া ঘটনার জন্য আমি আন্তরিকভাবে ক্ষমা চাচ্ছি।'

এরকম ঘটনা আগামীতে আর হবে না- এমন প্রতিশ্রুতি দিয়ে মন্ত্রী বলেছেন, 'আমি আশা করি আমার আত্ম-উপলদ্বিকে আপনারা বিবেচনায় এনে নিজ গুনে ক্ষমা করবেন।

## ইসলামী ব্যাংকের আমানতের পরিমাণ ৪৭ হাজার ৩২৭ কোটি টাকায় উন্নীত

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর আমানতের পরিমাণ দাঁড়িয়েছে ৪৭ হাজার ৩২৭ কোটি টাকা। আর বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে ৪৮ হাজার ৩৮৪ কোটি টাকা।

বৃহস্পতিবার রাজধানীর একটি হোটেলে আয়োজিত দুই দিনব্যাপী 'ব্যবসায় উন্নয়ন সম্মেলন ২০১৪' অনুষ্ঠানে এ তথ্য জানানো হয়। বলা হয়, ২০১৩ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত আমানতের পরিমাণ ৪১ হাজার ৬০৪ কোটি টাকা থেকে বেড়ে দাঁড়িয়েছে ৪৭,৩২৭ কোটি টাকা। এ সময় বিনিয়োগের পরিমাণ ৪১ হাজার ৪৬৩ কোটি টাকা থেকে বেড়ে দাঁড়িয়েছে ৪৮ হাজার ৩৮৪ কোটি টাকা। ২০১৩ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত মোট বৈদেশিক বাণিজ্য ছিল ৭৭,৮১২ কোটি টাকা। এর মধ্যে আমদানি ২৮,৫৮৯ কোটি টাকা, রফতানি ২০,৫২৭ কোটি টাকা এবং রেমিট্যান্স আহরণ হয়েছে ২৮,৬৯৬ কোটি টাকা।

ব্যাংকের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইঞ্জিনিয়ার মুস্তাফা আনোয়ার প্রধান অতিথি হিসেবে সম্মেলনের উদ্বোধন করেন। ম্যানেজিং ডাইরেক্টর মোহাম্মদ আবদুল মান্নান-এর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন ব্যাংকের... ২৩ পাতায়